Now, Sir, there are various provisions in the Statute where it has been said that effect will be given to leases. Whether they are mining leases or leases by the intermediaries the Government are to accept those leases, and the leases must be in existence at the time of vesting. No date has been fixed as to the origin of the leases. Hundreds of leases will crop up—in fact are cropping up-to swallow the major portion of the land. Now, Sir, if the leases be in existence on the date of vesting-there is still some more time for vesting because that will be done after the Bill is passed-in the meantime you have given out that there will not be any date as to the commencement of leases, it will do if they are in existence only at the time of vesting. There should have been a date fixed on the origin of leases to check fraud on this account.

Mr. Speaker: You finish your speech. Your time is up.

8j. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, I have many more things to say, but I will take only two more minutes. It has been felt, Sir, for a long time throughout the length and breadth of this country that the present system under the Permanent Settlement which was introduced and maintained in the interests of the foreign rulers should be abolished and a new system, whereby the poverty of the country can be removed and the standard of life of the common man can be raised, should be introduced. There cannot be two opinions that such a condition can be created by making the tillers and the toilers of the soil the owners of the land which is bound to ensure greater yield in respect of both crops and raw materials. The party in power—I mean the Congress Party—had always professed that the land should belong to the tillers of the soil, but from the Bill before us it is clear that the party in power had no intention either to abolish zemindary or to bring about any land reform in this country. It is out to usurp all lands in this country and to keep control over them through certain vested interests and intermediaries. Sir, there should be a comprehensive measure, there should be a compre-hensive Bill in which you should set out your land reform policy—it should be stated how you are going to distribute the lands side by side with the acquisition of lands. You are going to give high compensation. You will say that you are bound by the Constitution. I do not agree. By a suitable amendment that provision can be relaxed. You can give land to the tillers for which you need not pay any compensation. Why are you, Sir, paying such a heavy compensation? If you do not agree with me and if you say that you will have to give compensation, then give them some compensation that will be sufficient to rehabilitate themselves. You have allowed large tracts of land for homestead for those who have homestead, who have much more land in their possession as homestead than is necessary, but you

10 NOVEMBER 1953

have not made any provision for those who have no homes for themselves.

Sir, this Bill is not in the interests of the people of the country. I still believe, Sir, that Congressmen who always professed that in the interests of the country, in the interests of the peasants, the land should belong to the tillers and the toilers, are departing from their solemn undertakings. They are, Sir, not following the ideal for which they worked and lived all their lives. They are adopting a very reactionary measure to keep everything in the pockets of one gentleman to be redistributed at his whims. This will be suicidal to the country.

[4-40—4-50 p.m.]

### 8j. Hemanta Kumar Basu:

প্রীকার মহোদয়, আমি এই বিলের সিলেট্র কমিটির একজন সভা ছিলাম এবং সিলেই কমিটিতে বিলটী আলোচনার সময় আমার মতামত সেখানে বলেছি; সেখানে আলোচনার পর সিলেক্ট কমিটির যে রিপোর্ট এসেমরিতে **উপস্থি**ত করা হরেছে তাতে আমি কিছ্মার সম্ভূষ্ট হতে পার্বি। সিলেট কমিটিতে যে সমস্ত ধারার পবিবর্ত্তন করা হয়েছে সে সমস্ত ধারার বিষয় আফি আমার প্রারন্ভিক বন্ধুতায় যে কথা বলেছিলাম, যে "টিলব অফ দি সয়েল"-চাষী যাবা বিশেষ করে ভূমিহীন চাষ্ট্রী তাদেব হাতে জমি দিতে হবে, এবং যাদের জমি কম আছে তাদের আবো কিছ্ জমি দিতে হবে। জমিদার যারা, যাঁদের হাত থেকে জমি ছাড়ানো হবে তারা কৃষকদের বহু বংসর ধরে শোষণ করে যে প্রভৃত অর্থ পেয়েছেন সেই অর্থ থেকেই কলকাতার भटन प्रश्रद वा अन्याना प्रश्रद वर्ष वर्ष वार्षी. বাগান প্রভৃতি সম্পত্তি এবং ব্যবসা-বা**ণ্ড**া কলকারথানা ইত্যাদি কত কিছু গড়ে তুলেছেন। সে সব করতে অবশ্য বেশ মোটা টাকারই প্রয়োজন এবং সে মোটা টাকা তাঁরা সেই জাম থেকেই পেয়েছেন। সতেবাং তাঁদের আর "কন্পেনসেসন" দেয়ার আবশাকতা নাই, বরণ্ড কৃষককে বহুদিন শোষণ করে যে প্রভূত লাভ তারা করেছেন, সেইজনা তাদের কাছ থেকে কিছু টাকা আদার করে নিয়ে, জমিদারী-প্রথা বিলোপ করার পর যখন জমিগ্লি ভূমিহীন চাষীদের মধ্যে আমরা বিতরণ করব, তখন সেই জমিগালি উল্লয়নের জন্য যে অর্থের দরকার জমিদারদের কাছ থেকে নেওয়া টাকার সেই আংর সংকুলান হবে। যদিও আমার এই ধরণের সংশোধনী প্রস্তাব ছিল, , কিন্তু তা গৃহীত হয় নাই। সেইজনা আমাদের বা উদ্দেশ্য,—বে ভূমি-বাবস্থাব উল্লাভ সাধন,—বাতে কুষির উৎপাদন বাড়ে সেইজনা, যাতে চাষীর হাতে জমি যার, িক সেই উন্দেশ্যে সিলেট কমিটিতে এই বিলের ধারাগালি পরিবর্তিত হয় নাই, এবং

यिष সেই ধরণের পরিবর্তন করা না হয় তাহ'লে এই बिमिनाती-अथा रिजाभ करत कान नाछ नाई. জমির উল্লতির জন্য এবং জমি বন্টনের জন্য কোন রকম ব্যবস্থা এই বিলে করা হয় নাই। আমি যে "নোট্ অব ডিসেন্ট" দিয়েছি, তা অবশাই আপনারা দেখেছেন, ভাতে আমি কতকগ্রাল বিশেষ বিষয়ের উল্লেখ করেছি, সেগালি বিশেষ প্রয়োজনীর বিষয় যাতে করে বাস্তবিকই ভূমিব্যবস্থার উন্নতি ও সংগ্য मर•भ बामा উरभामत्मत्र<u>ः</u> मृतिथा १८७ भारतः। বহুদিন ধরে বে জমি পড়ে আছে, সেই জমিকে বারা ফেলে রেখে দিরেছে, কোন রকম ভাবে তার কিছু উন্নতি করে নি আবার তাদেরই হাতে জমি রাখবার বে ব্যবস্থা—এ স্বারা আমাদের খাদ্যের কোন রকম উন্নতি লাভের ব্যবস্থাই হতে পারে না। সাধারণ কৃষক বার জমি নাই, বা মাত ৫।১০ বিখা আছে তাই থেকে যে ফসল সে তুলবে তাই তার জীবিকার একমার উপার। এই বেখানে অবস্থা সেখানে তাকে কোন রক্ষ অর্থ সাহাব্য না করে যে জমিদার, বার जन्मीनरक ..म.र्वेट.अ.*र्वेटा*अ सरक्या ब्रस्टाइ, मध्यास ৰৱেছে, ব্যবসা-বাণিজা ররেছে তাকে দিতে হবে টাকা এ হতে পারে না।

তা ছাড়া, যার নাকি জীবিকার নানাবিধ উপার রয়েছে তাকে আবার জমি দেয়াই বা কেন? সেইজন্য কৃষক-প্রজা দলের নেতা স্থীর রার চৌধ্রী মহাশর যে কথা বলেছেন—"একজন জমিদারের জমি থাকবে, 'ফিসারী' থাকবে, 'গাডে'ন' থাকবে, সব কিছুই থাকবে," অথচ বাংলাদেশের সাধারণ লোকের একটা "গার্ডেন" বা "ফিসারী" থাকলে তা শ্বারা তার পরিবার প্রতিপালন হতে। পারে। বার বথেন্ট জমি "হোমন্টিডে", "ফিসারি" প্রভৃতি "নন-এগ্রিকালচারাল ল্যান্ড''এ ররেছে তার কাছ থেকে জমি নিতে আবার "কম্পেনাসেসনে"র কথা উঠবে কেন? চার হা**জা**র অবধি বরং "রিহ্যাবিলিটেসানে"র ব্যবস্থা হতে পারে। চার হাজারের উপরে যার আয় তাকে আর কোন "কম্পেন সেসন" দেয়ার দরকার আছে বলে আমি মনে করি না। আঞ্চ वाश्मातम् । অর্থনৈতিক জীবন বাদেব উপর বিশেষ করে নির্ভার করে তাদের উল্লাতির জনাই আজ দুলি দিতে হবে। কিন্তু এই বিলে সেদিকে দ্ভিট দেয়া হয় নাই।

যাদের জমি নেয়া হবে তাদের জন্য খাস জমি থেকে ২৫ একর ক'রে চাষের জমি রাখা হয়েছে। যেখানে ২০ একর ক'রে "নন-এগ্রিকালচারাল্ ল্যাণ্ড হোমন্টেড" সমেতের বাবস্থা হওয়া সত্তেও আবার ২৫ একর ক'রে চাষের জমির বে ব্যবস্থা তার আমি তীর প্রতিবাদ করি। আমি বাংলার চাষীর সংগে পরামর্শ ক'রে দেখেছি। বদি ৪০।৪৫ বিঘা বা ১৫ একর ক'রে প্রত্যেক চা্বী পরিবার জমি পায় তাহ'লে সেই চাষী পরিবারটির ভালভাবে চলতে পারে। কাঞ্চেই বাদের জমি আছে বেশী পরিমাণ তাদের হাতে জমি রাখা মানে তেলা মাথায় তেল দেরার ব্যবস্থা। স্বগ্রিল জমি বদি নেরা বার তাহ'লেও ইতিমধ্যে মল্টীমহাশর দেখিরে দিয়েছেন যে বাংলাদেশের লোকসংখ্যার মধ্যে ভাগচাষী এবং ভূমিহীন চাষীর সংখ্যা বা সেটা তলনা করলে দেখা বার জমি বন্টনের বেলার সকলকেই জমি দেরা বেতে পারে না: এবং এইটে বদি সতা হয় তাহ'লে আমার

[Sj. Hemanta Kumar Basu.]

মনে হর, বাদের হাতে জমি আছে তাদের কাছ
থেকে সমস্ত জমিই আনা উচিত। তাদের হাতে
আর জমি রাখবার প্রয়োজন নাই। আমাদের
জনসাধরণের অপনিতিক প্রয়োজন আজ দেখতে
হবে; প্রত্যেক লোকের শিক্ষা, স্বাম্পের বারকথা
করতে হবে। সেদিক দিরে বিবেচনা করে যদি
দিতে হয় তবে "কপেন্সেসন" দিতে হবে।
শিক্ষার জনা, লোকের স্বাম্পের বারকথার জনা
চাইলে গভর্পমেন্ট বলেন
নাই, তবে কেন তাদের তাকা নাই। টাকা যদি
নাই, তবে কেন তাদের তাকা দেও হবে।
আরা এতদিন ধারে বহু টাকা শোক্ষ করেছে
তাদের আবার কেন টাকা দিতে হবে। প্রথমেই
আমি বলেছি যে, "কপ্পেন্সেসন" দেওয়া যাবে
শুম্ তাদেরই, যাদের—বে জমিদারদের—কমি ছাড়া
আর কিছু নাই। যাদের নাকি জমিই একমাত
লবিকা তাদের অবশ্য কিছু "কপ্পেন্সেসন"
পেওয়া উচিত। এই কলকাতার রাজনিক আমরা দেখতে
বাই সেইটেই আজ বাংলাদেশের চিত। আজ
শত পাত পোক "হা অয়", "হা অয়" করে বাড়ী
বাড়ী বে ছ্রে বেড়াক্ষে এরকম চিত আমরা চাই
না।

# [4-50-5 p.m.]

সাধারণতঃ মধাবিত্ত পরিবারের এই সমান্ধকে আমরা যে অবস্থায় নিমে যেতে চাই, সেটা হচ্ছে তলা থেকে উপরের দিকে উম্মীত করা। যাদের প্রচুর আছে, তাদের কোন কিছু দেবার আবদাক নাই। গোটা "আপার মিডল ক্লাদা" যাদের প্রচুর অর্থ নাই, তাদের পারিবারিক জীবনকে উন্নত করার জনা, আমি যেটা ধরৌছ, সেটাকে খ্বই সংগত ব'লে মনে করি।

তারপরেতে জমিদারী-প্রথা বিলোপের পরে যে জমি থাকবে, তার বাবস্থা করতে হবে। আমাদের চারিদিকে যে শাসনবাবস্থার মধ্যে আমরা দুনীতি দেখছি, হরত আমার কথায় আপনারা বিরক্ত হবেন, সেটা "ফ্যাক্ট" এবং আপনাদের সংগ্য "প্রাইডেট টক"এও সেটা আপনারা স্বীকার করেছেন যে হাাঁ, এটা আছে ঠিক। সেদিক থেকে একজন "কম্পেদেসনন অফিসার"এর হাতে সমস্ত <del>ক্ষমতা ছেড়ে দেওয়া</del> উচিত হবে না। যাঁর সং•গ সাধারণ লোকের কোন সম্পর্ক নাই, চাষীর কোন সম্পর্ক নাই, তার হাতে সব ক্ষমতা নাস্ত হ'লে भारत भारत होकाहे नन्छे शरत। यात्र होका घारत, লে কার টাকা? সেটা জনসাধারণেরই টাকা। সেই "কম্পেন্সেসন" কিভাবে দেওরা হবে? তিনি সেই অফিসারই "কন্পেন্সেসন রোল" তৈরী করবেন। কর্ন, তিনি ইচ্ছামত জমিদারদের সংগা कथावाद्या वनदवन। '"दत्रे अव करूनरूत्रमन" कि হবে সে বিষয়ে একটা "চেকিং অথরিটি" থাকা দরকার। এটা পরিভকার করে বলা দরকার কাকে নিমে এই কমিটী হবে এবং সেই কমিটীর রুপ্দ কিরকম হবে, সেই কমিটীতে কাদের কাদের প্রতিনিধি থাকবে। এই সব বিষয়ে একটা স্থির সিম্থান্ত আগেই করা দরকার। **"কম্পেন্সেস**ন অফিসার" জমিদারদের সংগে বড়বল্য ক'রে বাড়ে তাদের বেশী পরিমাণ "কম্পেন্সেন" না দের,

সে বিষয়ে এমন একটা "বডি" থাকা দরকার। তিনি যত বড অফিসারই হোন না কেন, তাঁর উপর সমস্ত ভার ছেডে দেওয়া কোনক্রমেই উচিত নয়। জনসাধারণের নির্ম্বাচিত লোক সেই কমিটীতে থাকবে। সেই জন্য আমার "সাজেসন" হচ্চে জেলার "কালেক্টর" তার "চেয়ারম্যান" এবং "ডিখিট্র বোর্ড"এর "চেয়ারম্যান" তার একজন মেশ্বার পাকবেন। এই ধবণের একটী কমিটী ক'রে দেওয়া হোক্ যার উপর সাধারণের অনেকখানি আম্থা থাকা সম্ভব। এটা গভর্গমেরেটব কাছে "এ। স্থাপেটবল" হওয়া উচিত। কারণ "ভিণ্টিষ্ট বোড" এর "চেয়ারম্যান" সাধারণের "ইলেক্টেড" লোক, তিনি অবশ্যই জনসাধারণের স্বার্থ দেখবেন তাছাড়া "काटनक्केत" ट्या "फ़िशातभान" थाक तन, তাঁকেও জনসাধারণের স্বার্থের প্রতি দৃষ্টি দিতে হবে। কাঞ্জেই আমি যে "সাঞ্জেসন" দিয়েছি সেটা জমিদারী, আপনারা "টেকন্ ওভার" করবার প্রত্বে বা ''টেকন্ ওভার'' করবার পরেও করা যেতে পারে। গভর্ণমেন্ট ইচ্ছামত যে কোন লোক:ক কমিটীর "চেয়ারম্যান" ক'রে দেবেন, যে কমিটী এত বড় একটা দায়িত্ব নেবেন, সেথানে সাধাবণ লোকের কোন কিছু বলবার থাকবে না, এত বড় একটা ক্ষমতা গভর্ণমেন্টের হাতে যাওয়া উচিত নয়। সেইজনাই আমি যে-কথা বললাম সেই ধবণেব একটা কমিটী হওয়া উচিত।

রায়ত সম্বশ্ধে বলেছি। বড় বড় জোতদারদেবও ১৫ একর ''পার ফাামিল'' জমি বিভাগ ক বে দেওয়া উচিত। পনেব একর জমি বদি চাবী পরিবারের জন্য বাবস্থা করা যায়, তাহ'লে আমাব মনে হয় প্রত্যেক চাষী পরিবারের পক্ষে তা থেকে তাদের বেশীর ভাগ জীবিকা নির্ম্বাহ কবা সম্ভবপর হবে। সেই দিক থেকে সকলেব পক্ষে সমান আইন করা দরকার। যাদের অন্য দিকে জাবিকার উপায় আছে, তাদের একদম জমি দেওয়া উচিত নর। বড় বড় জ্ঞোতদার, যারা বাংলাদেশে সংখ্যায় বহু আছে, এমন কি জমিদারদের চেয়ে তাদের সংখ্যাও কম নয়, তারা বেশীর ভাগ "আ-ডার-রাইয়ট" এবং অন্যান্য সাধারণ চাষী ও ভাগচাষী বা ভূমিহীন চাষীদের খাটান বা পরিশ্রম করান. তাদের হাতে কেন বেশী জমি থাকবে? একটা "ইকন্মিক স্থান" নিয়ে এইসব করা দরকার · জমির পরিমাণও সমান করা দরকার। রার-চৌধারী সুধীর বাব, যেমন বলেছেন, ঠিক তেমনি এখানে কোন "শ্ল্যান" দেখা যাছে না, "ডিস্বাসন্মেন্ট" কেমন ক'রে হবে, তার কোন নীতি দেখা যাচেছ না। তাই বাদ হয় ১৫ একরের বেশী জ্ঞাম কোন রায়তের, সাধারণ লোকের থাকবে না, তথন গভর্গমেন্টের উচিত হবে জমি সমানভাবে বন্টন করা, যাতে জমির উপর নিভরিশীল যারা, তারা জমি থেকে তাদের জীবিকার বেশী পেতে পারে।

রায়ত সম্বশ্ধে আমার একটা "এ্যামেশ্ডমেন্ট" আছে, "নোট অব ডিসেন্ট"এর মধ্যেও সেটা রয়েছে।

এই বিলে কলিকাতাকে "ইন্কুড" করা হরেছে।
কলিকাতাকে "ইন্কুড" করে বিলেষ কোন লাভ
হচ্ছে না। ২০ একরের বেশী "নন-এগ্রিকালচারাল
ল্যান্ড" নেওরা হবে। তাহালে তো ৬০ বিঘা
ছাম এইরকম কারে জমিদারদের ররে গেল এবং
"ঠিকা টেনান্ট"দের দ্বঃখদ্বাশাও খেকে গেল।

কুড়ি একর **ক্রমি থা**কা মানে সবই রইলো। কলিকাতার **বেখানে** "ঠিকা টেনান্ট" আছে, সেখানে আমার মতে, গভর্ণমেন্ট সমুস্ত জুমি নিয়ে নেবেন। এদিক **থেকে** আমি আমার "নোট অব ডিসেন্ট''এ ঐ কথা বর্লোছ। কলিকাতাকে "ইন ক্রড" করাতে সাধারণ দরিদ্র লোকেব কোন সূবিধা হচ্ছে না। "ঠিকা টেনান্ট"দের সূবিধার ক্রনা সমস্ত জমি গভর্ণমেন্টের নিয়ে নেওয়া উচিত।

''প্রিগ্রান্বল '' সম্বন্ধে একটা "কমিটমেন্ট" <mark>থাকা দরকার এই জন্য যে আমরা</mark> এই এই উদ্দেশ্যে সমস্ত জমি হাতে নিচ্ছি, যেমন, জমির উল্লতি, চাষবাসের উল্লতির জনা, জমি ভূমিহীন চাষী ও ভাগচাষীদের মধ্যে বিতবণেব জন্য আমরা এই জমি হাতে নিচিছ। এই সম্বর্ণেধ তাই একটা পরিষ্কার কথা থাকা উাচত। সংশিল্ট মন্ত্ৰীমহাশয়কে বখন এই কথা বলা হয়েছিল, তখন তিনি বলেছিলেন যে এর পরেই এ-সম্বন্ধে অন্য একটী বিল আসবে। এখন গভর্ণমেন্ট নিজে যে "প্রিএাদ্বল্" আমাদের মনে সন্দেহ হযেছিল। মৃথা-মন্ত্রী-মহাশযও এ-কথা বলেছিলেন যে এই বিল এই সেসনে শেষ হবে किना वला यात्र ना। कात्र**१ ५**व বেশী পরিমাণ "এ্যামে-ডমেন্ট" এতে রয়েছে। এব আগে "মিউনিসিপাল এ্যামেন্ডমেন্ট বিল"এ তো ছ'শোর বেশী "এামে-ডমেন্ট" ছিল, সেটা তো এক সেসনে পাস কর্বেছলাম। এখন এই জমিদারী-প্রথা বিলোপ প্রকৃতই প্রয়োজন ব'লে আমরা যদি মনে কবি তাহ'লে এই সেসনেই কেন আমরা এ বিল পাস করতে পাববে। না কেন সেটা পড়ে থাক্রে সে কথা জানি না। নানাবক্মভাবে আমাদের মনে একটা সন্দেহের উদ্রেক হয়েছে যে এ বিল আদৌ পাস হবে কিনা! কাজেই এই যে জমিদাবী-প্রথা বিলোপ বিল যখন এসেছে. সেটাতে মনে হচ্ছে এই যে দেশময় আন্দোলন গড়ে উঠেছে-জমিদারী-প্রথা বিলোপের কি হবে? এ-কথা জানি কংগ্রেসদলের লোকেরা এটা কথ কববাব চেষ্টা করেছিলেন। কংগ্রে**সদলের** অনেক সভা তার বিরোধিতা করেছেন। তৎসত্ত্বেও এইরকম চাপ দেবার পরেও এই বিলটী এসেছে। সেদিক থেকে আমার মনে হয় না যে বিলটীর বিশেষ কোন উন্নতি হয়েছে। আমি আশা করি কংগ্রেসদল ও मन्दीभटामग्रगन कनमाधातरनत कन्नारनत मिर्क यीम দ্ভিট রেখে এই বিলটীর পরিবর্ত্তান করেন, তাহ'লে বিলেব দ্বারা কাজ হবে, নতুবা নয়।

(At this stage the House was adjourned for 15 minutes.)

(After adjournment.)

[5-15-5-25 p.m.]

#### 8j. Binoy Krishna Chowdhury:

মাননীয় পশীকার মহাশয়, এখানে বে বিল উপস্থাপিত করা হয়েছে 'তা অতান্ত গ্রুস্প্র্ এবং বাংলার পক্ষে এর পরিণাম অত্যনত ভীষণ হবে। সেজনা মাননীয় রাজস্বনদ্যীমহালয় বে "ডিস-পালোনেট" মনোভাব নিরে এ বিলের আলোচনা করার জন্য বলেছেন আমি সেই মনোভাব নিরেই

বাংলার পক্ষে ভাষণ ও ভয়াবহ। প্রথমেই আমি একটা বিষয় সম্পর্কে আলোচনা করবো সেটা হচ্ছে কয়েকদিন হ'ল মাননীয় প্রধান মন্দ্রীমহাশয় এই বিল যে আংশিক তা স্বীকার করেছেন এবং আর একটা বিল শীঘ্রই আনবেন এই আশ্বাস দিয়েছেন। এখানেও মাননীয় রাজস্ব মন্ত্রীমহাশয় একথা বলে আশ্বাস দিয়েছেন শীঘ্রই আর একটা বিল আসছে। অর্থাৎ তাঁরা এই মনোভাব সৃষ্টি করবার চেণ্টা করেছেন যেন ভূমিসংস্কারের প্রাথমিক কর্তবা করা হয়েছে এবং এটা পালন কবা হ'লে দ্বিতীয় ধাপ নেওয়া হবে। কিম্তু আমি মাননীয় স্পীকার মহাশয়ের মারফতে বেকথা বলতে চাই সেটা হচ্ছে এই যে ভূমিসংস্কারের দিকে প্রথম পদক্ষেপ নেওয়ার উদ্দেশ্যে এই যে বিল এনেছেন এটা বলা হ'লেও প্রকৃতপক্ষে বিপরীত দিকে পদক্ষেপ নেওয়া হয়েছে বলেই আশু কার। কারণ একটা জিনিষ মনে রাখতে হবে যে "ভেট্ট", যদি "এন্টেটস্"ও

Bille

intermediary rights in land acquire করে তা হ'লেই এই পার্মানেন্ট সেটেলমেন্ট''এর ভিত্তিতে যে "প্রেক্সেণ্ট ল্যান্ড সিন্টেম" রয়েছে তা রদ করাহয় না। তা যদি হ'ত তা হ'লে এই বিলের "হেডিং"

### "Abolition of Zamindary"

হ'ত এবং পরে "ডিম্টিবিউসন অব ল্যান্ড" হ'ত। কিন্তু তা নয়। একথা মনে রাখা দরকার যে লর্ড কর্ণ ওয়ালিশ শেষ মোগল শাসকব্রেদর অপকর্মের উপর ভিত্তি করে "পার্মানেন্ট সেটেলমেন্ট" রচনা করেছিলেন। ব্টাশ শাসকদের এবং তাদের স্ভ ও অনুগ্রীত জমিদার;দর দ্বারা যে সমুস্ত অপকর্ম অনাচার এদেশে চলে এসেছে তার উপরই ভিত্তি করে এরা এই নতেন বিল আনছেন এবং সেই কারণেই লর্ড কর্ণ ওয়ালিশের মতই এই বিলের প্রবর্তকেরা ইতিহাসে নিন্দিত হবেন। কারণ আপনারা সকলেই জানেন ১৭৩৯-৬৫ সালে-মোগল সামাজ্যের শেষের দিকে মুলিদ কুলি খাঁ, ञानिवन्दी थी, कारमध ञानि थीत मधरेत नाना রকম কারসাঞ্জি করে জাের করে জামদারীর আয়কে, আসল জমাকে বৃণ্ধি করে প্রায় আড়াই কোটিতে দাঁড করান হয়। অলপ কয়েক বংসরের ভেতর ১ কোটি ১৯ লক্ষ টাকা আবওয়াব বাবদ আদায় করা হয়। তার ফলে ১৭৭০ সালের ছিয়ান্তরের মাবশ্তর দেখা দের যার ফলে বাংলাব জনসংখ্যা এক-তৃতীয়াংশ ধনুস হয়ে যায় এবং বাংলার বহু জমি অক্ষিতি থাকে। সেই অবস্থায় নিশ্চয়ই খাজনা আদায় কম হতো। তার আগে জমি চাষীদের কাছ থেকে আদায় হ ত ৬৫ লক সিকা। সেই জারগায় "পার্মানেন্ট সেটেল্মেন্ট"এর ফলে मृ' कांत्रि ७৮ लक मिका शकना धार्या कतात करन কতথানি চাপ কৃষিবাবদ্থার উপর হতে পারে সেটা ভেবে দেখবার। এটা আমার কথা নর, "ফিফথ" রিপোটের কর্থা। আপনারা অনেকেই **জা**নেন সে**ই** রিপোর্টে বলা হয়েছে যে জমির প্রকৃত উৎপাদন, খাজনা কত, মার কি হাত পারে সেদিকে লক্ষা না রেখে ইন্ট ইণ্ডিয়া কোম্পানীর দাবী যে কোন রকমে মিটাবার জন্য এরকম একটা অবস্থার স্থিতী করা হরেছিল। সেই সম্পর্কে বলতে গিরে প্রমেশ্বর রাধাকমল মুখোপাধ্যার মহাশয়ের মত উল্লেখযোগা। এই বিলের আলোচনা করবো। কারণ এর ফলাকল •তিনি বলেছিলেন—এক কথার বলা বেতে পারে

Bills

[Sj. Benoy Krishna Chowdhury.]

<sup>-</sup>বাং**লার স**মস্ত ভবিষাতকে 'মর্টগোরু'' দেওয়া ইর্মেছল: বাংলা তথা ভারতবর্ষের কতথানি উল্লতি হতে পারে প্রবাহে সেদিকে লক্ষ্য রেখে অর্থাৎ আগামী ভবিষাতে কতটা উন্নতি আশা করা বার रमिएक नका त्रारथरे "कार्गिभोगारेम् छ। जान्" ধর্মখানে স্থির করেছিল। তারপরে "ক্লাউড কমিশন"-এর বে হিসাব আমরা পেয়েছি তাতে আছে অবিভৱ বাংলার কৃষকদের কাছ থেকে ১৬ থেকে ১৮ কোটি টাকা খাজনা বাবং আদার করা হ'ত। আজকে ১৯৪০ সালের পর 'ইন্জেসন''এর বৃণে কৃষকরা ধানের দর পাচ্ছে তা দেখে খাজনার চাপ কৃষকদের উপর কতথানি সে বিষয়ে ধারণা করতে গেলে ভুল कता रत। ১৯৪७ माल कृषकरमत धालत कातन সম্পর্কে যে তথা গ্রহণ করা হরেছে তাতে বেমন খাদ্য-সংগ্রহকে প্রধান কারণ বলা হরেছে তেমনি "ক্লাউড কমিশন" রিপোর্টে ও অন্যান্য সরকারী "রিপোর্ট"এ দেখা গিরেছে যে কৃষকদের এ ঋণভারের মূল কারণ राष्ट्र बाक्या। अथन श्रम्न राष्ट्र धरे ख "भार्यातमधे সেটেলমেন্ট"এ কুবকদের উপর বে অসহনীর খাজনার **ছাপ চাপিরে দিরেছে, এ বিলে তার লাছবের কোন** ব্যবস্থাই হর নি। তারপর "পার্মানেন্ট সেটেল্মেন্ট"-এর অনা পরিণতি কুষকদের অসহনীয় ঋণভার এ সম্বশ্ধেও এই বিলে কোনরূপ বাবস্থা করা হয় নি। এই দ্ইয়ের অপরিহার' পরিণতিস্বর্প বাংলার বারবার মনবন্ডর হরেছে, দ্ভিক্ক হরেছে, বাংলা নমশানে পরিণ্ড হরেছে, এই ন্তন বিলে তার বিস্ফান উমতিরও ব্যবস্থা হর নি।

[5-25-5-35 p.m.]

উৎপাদনের দিক হ'তে মূল সমস্যা হ'ল অধিকাংশ জমি যারা কৃষক নয় সেই অকৃষক মালিকের হাতে কেন্দ্রীভূত হচ্ছে। আমরা চেন্টা করেছিলাম এবং <del>"জ্বেণ্ট কমিটি"তে আমরা সভাহিসাবে মনে</del> করেছিলাম আমরা এই সম্পর্কে বিবেচনা করবার প্রয়েজনীয় তথা পাব কিন্তু তা পাই নি। ইসাক সাহেব ''প্লট ট্লাট সার্ভে'' ক'রে যে তথ্য প্রকাশ করেছেন সেই তথা হ'তে কিছু, কিছু, হিসাব এখানে পড়ছি। সেটা পড়লেই বর্তমানে জমি কিভাবে **''কন্সেন্টে**ড'' হয়েছে তার খানিকটা আন্দাঞ পাবেন। সেখানে দেখা গিয়েছে দুই একরের কম ক্ষমি আছে এমন পরিবারের সংখ্যা পশ্চিমবংগ ১০ লক্ষ ২৩ হাজার এবং তারা কৃষক জনসংখ্যার শতকরা ৪৪ জন। পাঁচ একর জমিকে বদি "ইকনমিক হোলিডং" ধরা হয় তাহ'লে শতকরা ৭০·৯ জনের জমি "ইকনমিক হোলিডং"এর কম। সতের হাজার পরিবারের প্রায় ২৫ একরের বেশী ক্রমি আছে। তারপরে দেখা যাক্রে যে বাংলার প্রায় ১৭ লক্ষ ৪৪ হাজার পরিবার মাত্র ১২ লক্ষ ৯৯ হাজার টন খাদা তাদের ভাগে পান। অন্যদিকে ৬ লক্ষ ৬ হাজার পরিবারের ২৫ লক্ষ ৯৭ হাজার টন খাদা হাতে আছে। অর্থাৎ এই জিনিবটাকে বদি আরো... ভাল ক'রে ব্রুখতে হয় তাহ'লে ২ একরের নীচে বেসমুহত জুমির মালিক তারা এক-একটি পরিবার বছরে -৩৭ টন খাদ্য পান-সেখানে ২৫ একরের বেশী জমির মালিক বছরে ১৬ টনের বেশী খাদা পায় অর্থাৎ ৫০ গুল বেলী খাদ্য তাদের হাতে ৰার। এর উপরই বাংলার দুর্ভাগা—"হোডিং",

"ব্লাকমাকেটিং" প্রভৃতির ভিত্তি। অথচ আপনারা বে বিল এখানে এনেছেন সেই বিলে এই সমস্যা সম্পর্কে কোনরকম দ্বুপাং নাই। "ফ্লাউড কমিশন" বলে গিরেছে যে "পার্মানেন্ট সেটেলমেন্ট" একটা অর্থহীন জিনিষ, তা দ্রে হওয়া দরকার। ১৯৪০ সালে 'ক্লাউড কমিশন' বসবার আগে রমেশচন্দ্র দত্ত "পার্মানেণ্ট সেটেলমেণ্ট'কে সারা ভারতবর্ষে বিশ্তার করাবার জনা "সেক্রেটারী অফ স্টেট"কে চিঠি দিরেছিলেন: তার জবাবে তংকালীন "ভাইসরয়"এর "কাউন্সিল" থেকে যা লেখা হয়েছিল সেটাকে সরকারের আত্মসমালোচনা বলা যেতে পারে। সেখানে স্পদ্টভাবে দেখান হরেছিল যে, "পার্মানেণ্ট **म्यालेनाय के** वारमात क्वकरमत मन्त्रमामी करर्तान, বরং ধরংসই করেছে। বর্তমান "সেন্সাস রিপোর্ট" বদি ভাল করে আপনারা পড়েন তাহ'লে সেখানে দেখতে পাবেন ১৭৭৬ সাল থেকে আরুভ করে ১৮৮১ পর্যাত সারা বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধি পার নি। বদি কোন একটা দেশে ১০০ বছর ধরে বৃশ্ব চলে বেমন ইউরোপ ও ইংলপ্ডে চলেছে ভাহ'লে লেখানে বেমন জনসংখ্যা বৃশ্বি পায়না সেইর্প আমাদের দেশেও জনসংখ্যা বৃণ্ধি পার্রান। बत्तर जामास्मत्र स्मर्टम कान यूम्थ इत्र नाहे, मा्धा এই "পার্মানেন্ট সেটেলমেন্ট" এর জন্য দারী। "পার্মানেন্ট সেটেলমেন্ট" অ:নক আগেই এদেশ থেকে চলে বাওয়া উচিত ছিল, কিন্তু তারা যে বে ভূমিব্যবস্থায় ছিল তাতে কোনব্ৰক্ম ইস্তক্ষেপ করা হছে না। এখন, কুবকরা জমিদারকে যে খাজনা দের এবং যে স্বন্ত ভোগ করে পরে তারা সরকারের অধীনে সেই স্বতই ভোগ করবে এবং সেই হারেই খাজনা দেবে। সেইজনা আমি বলছি "এাবলিশন অব জমিন্দারী" হচ্ছে না, "পার্মানেণ্ট সেটেলমেণ্ট এয়াবলিসড্" হচ্ছে না, শ্ধ্ খাজনা আদায় করার অধিকার জমিদারদের হাত থেকে সরকারের হাতে আসছে। এবং এই সরকার সেই অধিকার গ্রহণ করার সময় এই কথা সমরণ রাখেন নি যে জনসাধারণ এই খাঞ্চনার ভার বইতে পারবে কিনা। তাদের এইর্প কোন স্বৃদ্ধির উদয় হয় নি। অন্ততঃ পক্ষে খাজনা কিছ্ হ্রাস করা দরকার। সে সম্পর্কে কোন কিছ্ করার প্রয়োজন আছে কিনা তাও তীরা ভেবে দেখেন নি।

ম্বিতীয় কথা হচ্ছে ভূমিসংস্কার সমস্যা একটা সর্বাণগীন সমস্যা। তাই এর একটা অংশকে অন্য অংশ হ'তে বিচ্ছিন্ন ক'রে দেখা যায় না এমন কি ভমিসংস্কারকে জাতীয় অর্থনৈতিক সমসা৷ থেকে পূথক করে দেখা যায় না। অতীতেও আমাদের দেশের সম্পদ কৃষি ও শিলেপর উপর ভিত্তি করেই দীডিয়েছিল। আমাদের দেশের কার্পাস ও রেশম-শিল্পের প্রসিম্ধির কথা কে না জানে। ইংরেজ শাসনের আমলেই আমাদের দেশের এইসব শিক্ষ ধর্মে পার, এবং অগণিত মান্য তাদের র্জি-রোজগারের পথ হারিরে একমাত জমির উপর নির্ভারশীল হয়ে পড়ে। এইভাবে জমির উপর চাপ বৃশ্বি পেতে থাকে। ১৮৮১ সালে প্রথম বধন "সেম্সাস" নেওয়া হয় তখন শতকরা ৫০ জনেরও কম জমির উপর নির্ভারদীল ছিল। ১৮৮১ সালের "সেন্সাস রিপোর্ট" সম্বন্ধে অনেকেই সন্দেহ প্রকাশ করেন। ১৮৯১ সালের "সেন্সাস" অনুবারী শতকরা ৬১ জন জমির উপর নিভরিশীল ছিল। ১৯২১ সালে এই সংখ্যা বৃদ্ধি পেরে শতকরা ৭০ জন হর।

বাংলার বেখানে প্রতি বর্গমাইলে ৮৪৫ জন লোক বাস করে এবং বেখানে জমির পরিমাণ কম সেখানে শুখু জমি ম্বারা সকলের ভরণপোষণ সম্ভব নর। লিলপাকভার মারা যদি সকলের রুজিরোজগারের বাবস্থা করা যার। এবং যদি তারা পরিশ্রমের উপযুক্ত মূল্য পার তাহ'লে তারা জমির মায়া সহজেই ত্যাগ করতে পারে।

# [5-35-5-45 p.m.]

র্যাদ কোন শিক্ষক তার পরিশ্রমের উপযুক্ত মূল্য পেত তাহ'লে তাকে গ্রামের ৫ বিঘা জমির উপর নির্ভার কোরে থাকতে হ'ত না। অন্যান্য জারগায়ও মধ্যবিত্ত লোকেদেরও সমস্যা সেইভাবে ভূমিসমস্যার সংগ্রে জড়িত। অনাদিক থেকে যদি শিল্পবিস্তারের সেখানে কোন পথ না থাকে তাহ'লে পর যে কারণে আমাদের এখানে ইংরাজ আসার সাথে সাথে তারা আমাদের সমস্ত শিল্পকে ধরংস করেছে এবং ন্তন শিল্প গড়ে ওঠবার পথ রাখে নি, এই বে ঔপ-নিবেশিক চরিত্র—ভার ফলেই আমাদের অর্থনৈতিক দুরবস্থা এবং তার ফলেই আমাদের সমস্ত কটীর-শিল্প ধরংস হয়েছে, এবং অনা কোন শিল্প গড়ে ওঠে নি, এবং সমস্ড লোক এদিকে কোন পথ না পেরে, বেন মানুষের সমস্ত দরকা বন্ধ করা হয়েছে এইভাবে स्वन এক मत्रका मिरत रु इ इ कारत এসে জমির উপর পড়েছে। তার ফলে সেই সমস্যা আরও জাটিলতর হ'রেছে। সেইজনা আজকে যদি কেউ বাংলার সমস্যাকে ভাল কোরে চিন্তা করতে চার—আমি জানি যে মুখ্যমন্ত্রীমহাণয় বাংলার সমস্যা সম্বন্ধে অন্ততঃ বাহিরে দেখান বে তিনি ভীষণভাবে চিন্তা করছেন এবং প্ল্যানের পর প্ল্যান— কত প্লানই যে হ'রে তার পকেটে আছে তা জানি না। কিন্তু বেমনভাবে তাঁরা আমাদের কাছে "ডিস-भागतार्वेल" आलाहना करवार सना जनारहाथ কবেন তেমনিভাবে আমরাও মন্ট্রীদেরও অনুরোধ কবি যে তারা যেন মনে রাখেন যে সারা বাংলার ভবিষাং তাদের মনোব্তির উপর নির্ভার করে। একদিন দেখা গিরেছিল যে কৃষিসম্পদের উপর দীভারে শিল্পসম্পদ গড়ে উঠেছে। আবার কৃষি যথন ধরংস হ'তে বসেছে, যথন জনসংখ্যার অধিকাংশের ক্লয়শন্তি নাই, তখন সেখানে কিছুতেই শিল্পবিস্তারের পথ হতে পারে না। সেইজনা অনা সমদত শিল্পবিস্তারের পথ প্রস্তুত করার জন্য কৃষিব উন্নতি সম্বাগ্রে দরকার। আমাদের অন্যান্য কত বে সমস্যা আছে সেই সমস্ত সমস্যা সমাধানের পথ রুম্ধ কোরে, আমাদের অগ্রগতির পথ বন্ধ কোরে দীজিরে ররেছে এই "পার্মানেন্ট সেটেলমেন্ট"। সেইজনা সেই "পার্মানেন্ট সেটেল্যেন্ট"কে যদি দ্র করতে হয় তাহ'লে তার মূল বারা তাদের দিকে বদি না দেখা হয় তাহ'লে কিছুই করা যেতে পারে না। তানা হ'লে আলে এই দৃতিক্ষের মাঝে দাঁড়িরে, মন্বন্তরের মাঝে দাঁড়িরে বখন লক লক মান্ব মৃত্যুর দিকে যাচেছ তখন সেটা ছেলেখেলা করা হবে। এই সমস্যাকে নিরে তার সমাধানের নাম কোরে ন্তনভাবে জমিদারী-প্রথাকে টিকিরে রাখারই চেষ্টা হবে। ১৯৪৫ সাল থেকে ইংরাঞ্চের বির**্**ষ্ প্রবল জনবিক্ষোভ দেখা पिक তখন বেমন কমতার প্রতিষ্ঠিত থাকার জন্য 'মাউণ্ট ব্যাটন আওরাড 'এর মারফং জখন্য চক্লান্ত চলেছিল তেমনিভাবে আজকে সামন্ততদের এই ভূমি--

वावस्थात अन्छिम अवस्थात माता वाल्या এत विद्यस्थ ষখন বিক্ষোভ ও আন্দোলন করছে তখন পিছনের দরজা দিয়ে অত্যন্ত হীন জ্বখনা বড়বন্দ্র ক'রে তাকে বাঁচিরে রাখবার জন্য ন্তন ব্যবস্থা হচ্ছে। আর সেইজনাই ৫ বছর-৬ বছর পরে এই বিলটি আনা হরেছে। আমরা জানি ১৯৪৭ সালের ১৫ই আগত আপনারা এ দেশের লোক ন্তন স্বরাজ পেরেছে বোলে আনন্দে উংফ্লে হরে দীপ্যালা ক্রালিরেছিলেন, কিন্তু সে আনন্দ আজ নিবে গেছে। আৰু ৪।৫ বছরের বাস্তব অভিব্যতার র্ড় আঘাতে আমাদের জানা উচিত কোথায় এসে তারা দাঁড়িরেছে। ঠিক তেমনিভাবে যখন এই বিল কার্যাকরী হ'তে আরম্ভ করবে, যখন এই "রেকর্ড'-অব-রাইট"এর মারফং হাজার হাজার কবক ভূমিহীন হ'তে আরম্ভ করবে তখন এই বিল সম্বন্ধে কৃষক ও অন্যান্য জনসাধারণের মোহ ভাগাবে। ১৯৩১ সালে "সেটলমেণ্ট" হবার সমর বেমন অবস্থাপল লোকেরা 'লেটলমেণ্ট অফিসার'দের ব্যুব দিরে রেকর্ড করিরে নিরেছিল এবং ভার ফলে চাবী উৎখাভ হরেছে, তেমনি এই "রেকর্ড'-অব-রাইট"এর ব্যাপারে বলা বেতে পারে বে সমস্ত সূবিধাবাদী লোকদের আবার ন্তন কোরে জমি হস্তগত করবার জন্য স্যোগ দেওরা হবে।

Bills

# (At this stage the blue light was lit.)

আমাকে অততঃ আর দ্' মিনিট সময় দেবেন; আমি কতক্রন্তি প্রয়োজনীয় বিষয় সম্বদ্ধে বলছি। কাম্মীরের ন্তন আইন থেকে যে জিনিষ পাওয়া বার সেটা বিবেচনা করা দরকার। সেখানে "কর্নাণ্ট-টিউরেণ্ট এসেন্বি" থেকে একটা কমিটি করা হরেছে এবং সেই কমিটির রিপোর্ট ভারা গ্রহণ করছে। সেইজনা আপনারা যদি নজীর নিতে যান তবে ভাল নজীরই নেবেন। অন্যান্য জায়গায় ভূমিসংস্কারের যে আইন এসেছে সেই সমস্ত জায়গার অভিজ্ঞতা নিয়ে অন্ততঃপক্ষে তা থেকে শিক্ষা গ্রহণ কোরে এ আইন প্রণয়নের চেণ্টা করা উচিত। তা না কোরে যেগুলো খারাপ, যার ফলে কৃষির উন্নতি বা অর্থনৈতিক উন্নতির সম্ভাবনা কম সেইরকম আইনের অভিজ্ঞতা নিয়ে যদি আইন প্রণয়ন করেন তাহ'লে তার ফল ভাল হবে না। বেশী দরে যেতে হবে না। সম্প্রতি ঐ কাম্মীর কি করেছে সেটা দেখন। অবশা এবকম অবস্থা হবে যদি কোন স্বিধাবাদী "ট্রাসফার"এর ভিতর দিয়ে এই আইনের যে বিভিন্ন ধারা ও উপধারা আছে তার হাত থেকে এড়াবার চেন্টা করে। তাহ'লে তা বন্ধ করার ব্যবস্থা থাকা দরকার। কাশ্মীরে সেই ব্যবস্থা আছে। অন্ততঃপক্ষে এ রকম আইন করা উচিত যে কমপক্ষে ১৯৫০ সালের জান্যারী মাসের পরে যে সমস্ত কর-বিক্রম বা হস্তাস্তর इति हा इति स्मिणे विन धरे आहेत्नव धाता-উপধারার উদ্দেশ্যকে বার্থ করবার জন্য "মালা ফাইডি মোটিভ" নিয়ে হয় তাহ'লে সেটা "নাল' এণ্ড ভরেড ডিক্রেরার" করা হবে, আর বদি "বোনা ফাইডি ট্রান্সফার" হয় তাহ'লে তা চলবে। তা না इ'ल म्युविधावामी लाकप्मत्रहे म्युविधा इत्व।

তারপর "কম্পেদেসনন"। সে সদবদ্ধে আমরা আমাদের বন্ধবা "নোট অব ডিসেন্ট"এ বলেছি। এ'রা একটা এই রকম ধারণার সৃষ্টি করতে চান বে [Sj. Binoy Krishna Chowdhury.]
আর নতেন কোন ট্যার বসাছি না। খাজনা হ'তে
বা আলম হ'বে তা হ'তেই "কম্পেনসেশন" দেওয়া
হবে। বদি ক্ষতিপ্রেণ দেওরার মেয়াদ দরকার হয়,
করেক বছর বাড়িয়ে দিছি, ২০ থেকে ৩০ বছর
করতে হয় তা করা হবে। কিম্চু তাতে সাক্ষনা
নেই। আসল কথা এই যে বালোর কৃষিবাবম্থা
আজ বেখানে এসে দাড়িয়েছে তাতে সাধানন
অর্থনীতি বিজ্ঞানের ছার বারা তারা জ্ঞানেন যে
In India there is no condition for
further deterioration of land

ভারতবর্ষে বহ, দিন ধরে জমির উপরে অবহেলা করা হয়েছে। তার উল্লতির জন্য বিশেষ কিছুই খরচ করা হয় নি। সেই জমির কেমন কোরে উন্নতি হবে তা চিন্তা করতে হবে। রাণ্টের এবং জমিদারদের সে বিষয়ে যত্নবান হওয়া উচিত ছিল। কাজেই সেই জায়গায় আজকে জমির উন্নতির জন্য অধিক পরিমাণে ব্যয় করা দরকার। ওঁরা বলবেন যে জমির উল্লভির জনাইত "ময়্রাক্ষী প্রোজেই" নিয়েছি এবং "ডি-ভি-সি" পরিকল্পনা নিয়েছি। এ কাজ ও এ পরিকল্পনা হয়েছে সত্য কিল্ড ময়ুরাক্ষী সম্পর্কে শ্নেলাম ''বেটারমেণ্ট লেভি'' হিসাবে ২৫০ টাকা ধার্যা হয়েছে এবং বছরে ৫০ টাকা হিসাবে সেটা দিতে হবে। অনা দিকে ধানের জ্বনা প্রতি একরেতে ১০ টাকা এবং রবিশসোর জন্য ১৫ টাকা কোরে কর দিতে হবে। এইরকমভাবে টাাক্স ধার্য্য হ'লে চাষীর *জল*েনবার ক্ষমতা থাকবে না। এইভাবে চাপ পড়লে চাষীর পক্ষে ফল আশীব্রাদুস্বরূপ না হয়ে অভিশাপ হয়ে দাঁড়াবে। জ্ঞানি অন্য দেশের কথা বলতে গোলে এখানকার অনেক সভাই ক্ষেপে উঠবেন। তব্ও অতি সংক্ষেপে সেকথাটা বলি। আপনারা জাপানের কৃষি বিষয়ে উন্নতির কথা শ্লেছেন। আমি ''ভেট্সম্যান''এর ''কোটেশন'' আর পড়ে সমর নন্ট করব না। জাপানে সেচের জল "ফ্রী" দেওয়া হয়। কালিফোর্ণিয়ে ও অন্যান্য জারগার দেখা গিরেছে যে ২০ বছরের পর চাষীর যখন দেবার ক্ষমতা হয় তখন হয়ত "ইন ডাইরেক ট টাাক্স"এর ভিতর দিয়ে সে টাকা উঠে আসে। চারের উলতি হয়েছে, তারপর টাাক্স হচ্ছে। এইরকম না হ'লে চাষীর বা চাষের উল্লতি হয় না। কিল্তু আমাদের যে ধারণা সূখিট করবার চেন্টা করা হচ্ছে रत्रणे कृषित्रश्र्रकारतत शर्थ श्रथम श्रमस्कर्भ नग्न। আমাদের মতে এই যে বিল আনা হচ্ছে সেটা আসল ভূমিসংস্কারের পথে না গিয়ে সম্পূর্ণ অনা পথে অন্ধভাবে নিয়ে যাওয়া হচ্ছে। তাঁরা এখানে পঞ্চায়েত বিল আনছেন, তাঁরা বাবস্থা করছেন পঞ্চবাধিকী পরিকল্পনার; কিন্তু কৃষিসম্পর্কেও তাদের ধারণা চিরকালের পরোতন। তাদের এখন धात्रणा इरतरह रव वर्खभारन धानिकठा "कत्ररगरि" धत् "পার্রমিট" বা আটা, চিনি, কেরোসিন "কন্টোল" কারে গ্রামাঞ্চলে "মাল্টি-পারপাছ সোসাইটি" কোরে তারা চান গ্রামাণ্ডলে লোকের উপর প্রভাব বিস্তার করতে। সেগ্লি এখন তাদের ক্ষমতা পরিচালনার কেন্দ্র হারছে যেমন অতীতে ইউনিয়ন বোর্ড ছিল। এইরকমভাবে ক্রমির উপর 'ব্টাট্টরী অথরিটি" যদি দেওয়া হয় তাহ'লে তার মারফং সারা বাংলার কুষকের জীবনের উপর ভারা প্রভাব বিস্তার क्तरयम् ।

(At this stage the red light was lit.)

(Noise and Interruption.)

কো-অপারেটিভ কথাটা শ্নতে ভাল, কিন্তু সেটা সত্যকার সাধারণ চাষীদের বা "প্রভিউসার"দের যে পথ রুশ্ধ করছে এই মনোভাবের পরিবর্ত্তন দরকার। বর্ত্তমান অবস্থায় কো-অপারেটিভ মুন্টিমেয় সুবিধাবাদী লোকের কর্তৃত্ব হ'তে বাধ্য এবং তা হয়েছে। সেইরকম ধরণের প্রোপাগাভো সাম্পত্রদের আছে।

(The Member having reached his time-limit resumed his seat.)

The Hon'ble Iswar Das Jalan: Sir, I rise on a point of order. I want your ruling as to whether a member is entitled to go on for minutes after the red light is lit.

[5-45-5-55 p.m.]

# Sj. Rakhahari Chatterjee:

খ্যননীয় প্রণীকার মহাশ্য, নীতিব দিক থেকে কোন প্রজাতান্তিক রাখ্যে মান্যে, মান্যের প্রজা হায় থাকতে পারে না—ঠিক সেই কাবণে জমিদারান্তির বিলোপ আইন আমি সমর্থন কবি। কিন্তু দেখতে হবে এই বিলোপের ফলে গভর্গমেন্টের কতটা লাভ হচ্ছে আর বাদেব স্বন্ধ বিলাপের ফলে কার্তার জাতার প্রতিদানে তারাই বা কি পাছে! চাষ্যার উন্নতির অক্রোভ দেখিয়ে এই বিল আনা হয়েছে, কিন্তু দেখতে হবে প্রকৃতপক্ষে এর শ্বারা কত চাষ্যা উপকৃত হবে এবং তার সংগ্য সংগ্র কত মধ্যম্বন্ধভাগী বিস্তৃত্য ও উশ্বাস্তু হয়ে একটা ন্তন বাস্ত্রায়া স্থিটি করবে। তাদের সম্বন্ধেই বা কি বারম্প্রা করা হয়েছে। যদিও এই বিলের মধ্যে আংশিক আন্তর্বতার দিকে সম্পর্ক রেখে এই বিলের রধ্যা আংশিক আন্তর্বতার দিকে সম্পর্ক রেখে এই বিলের রধ্যা হন্তালে বাস্ত্রবতার দিকে সম্পর্ক রেখে এই বিলার রিচত হয় নি)

সকলের হয়ত ধারণা যে পশ্চিমবংগার প্রত্যেকটি ইন্টারমিডিয়ারী ৭৫ বিঘা বসত জমি ও কুড়ি একর "নন -এগ্রিকালচারাল্" জমির অধিকারী বা মালিক। সতাই যদি এই ধারণা সংশ্লিষ্ট মন্দ্রিমণ্ডলীর হয়ে থাকে বা এই সংবাদ তারা সংগ্রহ করে থাকেন তাহ'লে এটা সম্পূর্ণ ভল। যে সমস্ত "ইন্টার্মিডিয়ারী"-দের অধিক সম্পত্তি রয়েছে, এবং তাদের সম্পত্তি অধিকার করবার জনা যা বিলে রয়েছে তাতে আমাদের আপত্তি করার কোন কারণ থাকতে পারে না। তারা বোধ হয়, সংবাদ রাখেন না এমন বহু লোক আছে যাদের সংখ্যা অন্ততঃপক্ষে কুড়ি থেকে তিরিশ হাজারের কম হবে না, বারা আইনতঃ মধাস্বস্থভোগী কিস্তু বাদের এক ছটাকও জমি নেই. যাদের বার্ষিক আয় ৫।৬ শত টাকা মাত্র এবং এই সমস্ত লোক ধারা ২০ বিঘা জমি চাবীকে সাজার বন্দোবস্ত করেছে, যারা বছরের শেষে মাত ১৫ কিম্বা ২০ মাপ সাজা ধান পেরে থাকে এবং তার ম্বারা তার সমস্ত পরিবারবর্গ প্রতিপালিত হয়— এই আইনের স্বারা সাজা প্রথা বখন ক্যাশ হয়ে বাবে তখন সে সামান্য মাত্র "কম্পেন্সেশন্" পাবে এবং এর ম্বারা এই পরিবারের পনেপ্রতিষ্ঠিত হওয় অসম্ভব। আনার মনে হয় বে সমস্ত লোকের
খাস জমি বা পাঁচ একরের বেশী খাস জমি নাই—
সেই সমস্ত ব্যক্তি বারা এই আইনের ম্বারা

"এফেক্টেড্" হকেন তাঁদের জনা "স্পেশাল প্রভিসন্"
করা দরকার যাতে করে তারা নিজেরই লাংগল দিয়ে

সাম করে তাশের পরিবারবর্গাকে প্রতিপালিত করতে
করা হন। তা না হ'লে দেখা যাচ্ছে যে এই আইনের
ম্বারা এই সমস্ত লোক নিয়ে একটা ন্তন বাস্কুহারা
স্থিত করা হছে।

শ্বিতীয়ত যারা বড় বড় চাষী, হাজার হাজাব বিঘা জমির মালিক, তারা এই আইনের আওতার পড়েনি। তাদের এই আইনের মধো আনা উচিত ছিল, এবং 'সিলেক্ট কমিটি'র মেশ্বর অন্যতম মাননীয় সদস্য জে, সি, গা্শুত মহাশ্বর যে ''নোট্ অফ্ ডিসেন্ট'' দিয়েছেন সেটা গ্রহণ করলে কিছ্টো স্বিবধা হ'ত, কিন্তু তা নেওয়া হয় নি।

তৃতীয়তঃ এই বিলের দ্বারা বিধবা ও নাবালকের জন্য বিশেষ কোন বাবস্থা করা হয় নাই। যা কবা হয়েছে তা নামমার এবং এই সামান্য "কম্পেন্-সেশন"এ তাদের কি করে চলবে সে সম্বন্ধে চিন্তা করে বাবস্থা করা উচিত ছিল। দেবোত্তর এবং "ठ्यात्रिट्टेवल देन चिटेटिউमन" मन्दरम्थ वला इरहरू যে ৭৫ বিঘা পর্যান্ত জমি একজন বাখতে পারবে। কিশ্ত সংখ্রিণ্ট মশ্রীমহাশয় জানেন কি বাংলা দেশে কোন দেবোত্তৰ খাস জামিব পরিমাণ ৭৫ বিঘা কাং।বত আছে কি না । নিশ্চয়ই নেই। স্তরাং এ সম্বদেধ আইনে বাবস্থা করা দবকার। বিধবা নাবালক এবং "চ্যারিটেবল", "রিলিঞ্জিয়াস্ পারপাস্"এ যে জমি উৎসগীকত থাকে তাতে বস্তামানে যেভাবে আদায় হয়, ঠিক সেইভাবে এখানেও একটা ব্যবস্থা থাকা উচিত যে পর্যাত নাবালক সম্বর্গেং পূর্ণ বিচার না হ**চ্ছে। এই আইনের শ্বারা জ্**মিদারী-প্রথা উচ্ছেদের পরিবর্ত্তে আর একটা নতেন শ্রেণীর জমিদারীর ব্যবস্থা হক্তে।

### জমিদারী উঠে যাক্তে কোথায়?

"ক্লব্ধ ১২"তে যে "প্রভাইসো এ্যাড" করা হরেছে, তাতে এইটাই রুপাশ্চরিত হয়েছে বে "ভেটট্" ইচ্ছা করলে "ভেটট্টরী অথরিটি" সৃষ্টি করবেন। কিন্তু সেটা কিভাবে করা হবে সে সম্বধ্ধে এই বিলের মধ্যে কোন "ভেফিনিসন্" দেওয়া হয় নি। অথগিং প্রকারাশ্তরে বিনি ছিলেন একজনা তিনি হবেন এ'দেরই একজনা। এইরকমভাবে কথনও জ্বমান্ত্রী-প্রথা উচ্ছেদ হয় না।

তা ছাড়া বস্তমান সরকার প্নঃ প্নঃ বলছেন
দেশে বেকার সমসাা, "আন্তম্প্ররমেন্ট" বেড়ে
চলেছে এবং এই সমসাা সমাধান করা দরকার।
আজকে যে সমসত অস্থায়ী ডিপার্টমেন্ট খোলা
করেছিল তাদের "ক্রোভ ডাউন্" করা হচ্ছে, সেখানে
ছাটাই চলেছে। মধাস্বত্ব বিলোপের সংগা সংগা মসংখা কর্মচারী বারা জ্বিদারের এবং মধাবিস্তের
অধান আমীন, নারেব ও গোমস্তার কাভ করে
নিজেদের সংসার প্রতিপালন কবতেন, তাদের
সম্বাধ কি হবে? তাদের জন্য এই বিলের মধাে
কোন ব্যক্ষধা নাই।

Statement of Objects and Reasons.

এর মধ্যেও তার কোন উল্লেখ নাই। এদের সম্পর্কে র্যাদ কোন ব্যবস্থা থাকতো, এই সমস্ত উপযুক্ত ও কর্মক্ষম লোকদের কোন কাজে নিব্রুত্ত করা হ'ডো, তাহ'লে আমরা ব্রুতে পারতাম সরকারের সতিাকারের ভাল উন্দেশ্য রয়েছে এবং সত্যিকারের বেকারসমস্যা-সমাধানের চেম্টা হচ্ছে; কিন্তু তানা করে এই আইনের ম্বারা একটা ন্তন বেকারের সংখ্যা বৃষ্ধি করছেন। এই সম্পর্কে আমি মাননীয় মন্দ্রীমহাশয়ের নিকট নিবেদন করি তিনি যেন এবিষয়ে একটা চিন্তা করে দেখেন। এই আইনের ফলে আমরা দেখছি যে "কণ্ট অব কলেক্সন" যা হবে তা বর্তমানেব তুলনার অনেক বেশী হবার সম্ভাবনা। আঞ্চকে সামান্য খবচের দ্বাবা "কলেক্সন" হয়ে নিদিন্টি দিনে গভর্ণ-মেন্ট "রেভিনিউ" পান। কিন্তু যদি এর পরেও এইভাবে চালাতে হয়, ভাহ'লে সরকার এর স্বাবা কতটা উপকৃত হবেন তা ব্যুতে পাবি না। এই জমিদারী "এ্যাবলিসন" বিলের স্বারা "স্টেট"এর আর্থিক উন্নতির পরিবর্তে খরচের মান্রা বেড়ে যাবে, একটা বিপর্যায়ের সৃষ্টি হবে, সেটা প্র্রাছেই চিণ্ডা করা

Bille

# [5-55-6-5 p.m.]

তাছাড়া হাট ও বাঞার কি বকমভাবে বাবস্থা করবেন তার কোন বন্দোবসত নেই। গভর্মামেন্ট হাট ও বাজাব নিচ্ছেন। পল্লী-অণ্ডলে হাট এবং বাজার স•তাহে বা মাসে ২।১ বার বসে। স্থানীয় লোকই তা পবিচালনা করে এবং সামানা দু'চার পয়সা তোলা নিয়ে তাবা কাজ কবে কিন্তু শহরে সেই वावम्था तारे। किन्छु गडन प्रान्धे म्वाँता योष प्रारे शार्षे वाकाव "स्वारतकेष्ठ्र" इ.स. स्मरे "स्वारतकस्मणे" তাঁবা কিভাবে কববেন? তার ফলে হবে এই যে হাট বাজাবে যারা জিনিষপত নিয়ে আসে তাদের উপর টাব্রের হার অহেতৃক রকমের বেড়ে যাবে। এই তোল "কালেক্সন" করবার জন্য "এজেন্ট"এর বেডন যদি দিতে হয়, তাহ'লে বহু বার হবে কাজেই "ইন্কম" বাডাতে হবে এবং তা করতে গিয়ে এখানে যে সমুস্ত বাবসায়ী আসবে তাদের উপর টাাক্সের চাপ বাড়বে। সোদক থেকে গভর্নমেন্ট যাদ একটু "বেটার এাারেঞ্জমেন্ট" করেন তাহ'লে ভাল হয়। স্তরাং এই হাট বাজ্ঞার গভর্ণমেন্টের হাতে নেওয়াটা সমর্থন করা যায় না। কালেই আমি যে কয়টি কথা বল্লাম তাতে মন্ত্রীমহাশয়ের বিবেচনা করে দেখা দরকার যাতে বেকারসমস্যা আর বৃণ্ধি না হয়। বাকী বেসব নেওয়া হয়েছে—তাতে দোষের কথা দেখা যায় না। সেগর্লি গ্রহণ করতে পারা পায়।

তারপর দেখা যাচ্ছে এমন একটা "এনোম্যালাস্" অবস্থা করছেন "কুজ ভি,আই"এ—বেখানে বলা চয়েছে

an intermediary shall subject to subsection (2), be entitled to retain with effect from the date of vesting such and such properties. An intermediary এ একটা "আনভিফাইন্ড" জিনিব, এতে গোলমাল স্ভি হতে পারে কাজেই "পার ক্যাপিটা" ঠিক করে দেওরা দরকার। স্তরাং এই "এনন ইন্টার্মিভিয়ারী" সন্বন্ধে কি ব্রুরো সেটা "রেগ্লারাইক" করে

128

[Sj. Rakhahari Chatterjee.]

Government

**''ক্রীরার'' করে দেওরা দরকার—যাতে এমন না হয়** ৰে কেউ বেশী পেয়ে বাবেন, কেউ বা কম পেয়ে যাবেন।

"ল্যান্ড এাাকুইজিসন" সম্বন্ধে বে বিধান করা হয়েছে তাতে "কম্পেসেসন"এর যে ব্যবস্থা করা হরেছে—সেটা থাকা উচিত নর—"কম্পেসেসন"এর তালিকা এই আইনে বেভাবে দেওরা হরেছে সেটা থাকা উচিত নর। কোন রকম "ডিফারেন্সিরাল ট্রিটমেন্ট" করা উচিত নর—তা সে জমিদারই হোন, মধ্যস্বন্ধ হোন বা রারতই হোন।

"ইন্দেশক্সন" করবার জন্য "কুজ ৮এ"তে মধ্যবিত্ত সম্বশ্ধে বে কথা বলা হরেছে তাদের "কপি এলাউ" করা উচিত। নিজেম্বের কর্মচারী স্বারা বদি "কপি" করে দেওয়া হয় ভাহলে "আন-নেসেসারী কন্ট" অনেক বে'চে বার। আইনে "ইন্টারমিডিরারী" কথাটা অত্যন্ত জটিল। প্ৰত্যেকে বদি "সাটি ফারেড কপি" নিজেদের শরচে নিতে হর গাঁটের পরসা খবচ করে, ও "কম্পেন্সেসন অফিসার"এর কাছে নিজের "কেস পটে আপ" করতে হয়, তাহলে একটা "এক্সেন্ন" থাকা উচিত। বেমন ১ হাজার টাকা "নেট ইনকাম" বাদের তাদের "ফ্রা" অব কল্ট"এ "কপি" সরকার দেবেন এ ধরণের একটা ব্যবস্থা থাকা দরকার এবং উচিত।

তারপর 'কেন্দেগদেসসন'' সম্বন্ধে—"এাাড-ইন্টেরিম कप्ल्शास्त्रजन" अत्र कथा या वना इत्यरह श्रथम "दे অব দি এানুয়াল ইনকাম" পাঁচ বছর পরে পাবেন। বড় বড় জমিদার মধাস্বস্বভোগী সম্বন্ধে এটা খাটে কিন্তু বাদের করেক বিঘা মার জমি তাদের বদি একবারে না দেওয়া হয় তাহলে তারা অনাহারে উপবাসে থাকতে বাধ্য হবে বছরের মধ্যে ৬ মাস।

তারপর দেবোত্তর সম্পত্তি সম্পর্কে যে "প্রভিসন" कदा इसाह स्मिश्त वना इसाह

bona fide trust or other legal obligation—clause XVI

কিশ্ত বহু ক্ষেত্রে দেখা যায় যে দেবোত্তর সম্পত্তি मीमम ना करत्रहे हरत्र थारक। स्महे endowment, long-standing practice and

স্বারাই হয়ে থাকে "লিগালে অরিগেসন"এর ভেতরে আসে না। এই

long standing practice and custom

ষা চলে আসছে এগুলো আইনের ম্বারা গ্রহণ করা । তথাই

তাছাড়া সামানা যাদের "এাান্যাল ইনকাম" ৫০০ কি ১ হাজার তাদের "কম্পেন্সেসন" ব্বারা তাদের "রিহ।বিলিটেশন" হতে পারে না। আইনের স্বারা 'সার<del>ুলাস ল্যান্ড'' যা "এ্যাকোয়ার"</del> করতে পারবে তা থেকে জাদের সর্বপ্রথমে জমি দেওয়া দরকার। in lieu of compensation

ভাদের জমি দেওয়া দরকার। আপনার। অনেকেই জানেন বে বাকুড়া, মেদিনীপরে, বর্ণ্ধমানে এমন অনেক লোক আছে, বাঁদের সামান্য ৫।১০ বিষা জমি স্বারা চলে তাদের যদি জমি না দেওরা হর

তাহলে সমস্ত "ফ্যামিলি" নন্ট হরে বাবে। স্তরাং আমার বন্ধবা হছে তাদের "কম্পেন্সেসন" না দিরে তাদের সেই পরিমাণ ম্লোর জমি দেওরা উচিত। এই বলেই আমার বন্ধবা শেষ করছি।

Dr. Atindra Nath Bose: Speaker, Sir, I appreciate the observations of the Hon'ble Minister that acquisition of land by the State is not an end in itself and that it must be supplemented by adequate land reform. But unfortunately these noble words are belied in the text of the Bill as it comes to us. It is not enough to say, Sir, that the Bill is incomplete. The Bill is a truncated thing, a body without a head; it provides for acquisition of land without any scheme of distribution. It does not place before us any aims and objectives and does not possess any provisions to give effect to any aims and objectives. I shall go further than Sj. Ray Chaudhuri and say that not merely the Bill ought to envisage a clear-cut policy and plan; it must go further than that and embody that policy and programme in the text of the Bill itself.

There is no assurance, Sir, in the Bill that the vast amount of khas land which will come under the possession of the State will be properly utilised. / Who knows that this immense resource of land will not serve as a further means of patronage in the hands of a corrupt Government? Who knows that a new system of zemindary will not be foisted in the place of the old through the agents of the Government, a system much worse, much more corrupt and much perverse than the outgoing one?

[6-5--6-15 p.m.]

Sir, the zemindary system was a bad system. There is no doubt about that, but that bad system was a decadent system. At least the worst complaint against the zemindary system was not that the peasants were suffering extreme hardship under it. The peasants were suffering no doubt, but the much worse complaint was that land was deteriorating, that land

was nobody's property, neither of the zemindars nor of the peasants, and the product of agricultural land was perpetually coming down. This Bill, as it comes, threatens to impose immeasurably increased hardship on the peasantry liquidating the zemindars. peasantry at least under decadent zemindary system had this extenuating circumstance that they might go away with non-payment of rents. Rents are not regularly paid. Whether for good or bad, the peasants had not regularly to pay rents to their zemindars. Now these rents and revenues will be collected by the State without any compunction. Even the arrears will be collected by the State. That is quite good if that collected revenue goes to the benefit of the peasantry.

Again, it passes one's imagination how these newly-collected revenues of this State will be able to meet the huge amount of compensation as scheduled in the Bill. Wherefrom will this money come this money that will be required to pay compensation to the expropriated landed interests? There is a stock argument, Sir, a facile misconception that under our present Constitution land cannot be acquired by the State without payment of adequate compensation and, I am afraid, the Hon'ble Minister also is a victim of this misconception. Sir, I beg to point out this Article of the Constitution-Article 31A (this occurs in Part III, Fundamental Rights)—wherein it is clearly stated thus: "Notwithstanding anything in the foregoing provisions of this Part, no law providing for the acquisition by the State of any estate or of any rights therein or for the extinguishment or modification of any such rights shall be deemed to be void on the ground that it is inconsistent with, or takes away or abridges any of the rights conferred by, any provisions of this Part". So, Sir, this fear is groundless that land cannot acquired without payment of reasonable compensation.

However, I myself and my friends in this bloc are not opposed to compensation as such. We are in favour of rehabilitation compen-We do not want erstwhile sation. zemindars or rent-receiving interests, however illegal may be the foundation of their interests, to be left in the lurch, to be thrown out on the streets to starve. We are in favour of rehabilitation. Compensation must be rehabilitatory and this must not be calculated on the basis of the income of the dispossessed property. Sir, this Bill ought to have provided for these two things. These are the two main lacunae of this Bill. There are innumerable other provisions though the Bill bristles with innumerable provisions which are more capable of abuse and tyranny than capable of doing any good to the starving peasants country.

Bills

Sir, I will not go into these provisions of the Bill which will be adequately discussed if it comes up for a second reading. But I must point out the two main lacunae in the Bill-firstly, the absence of any provision for redistribution of land. Obviously, the land must be distributed among the landless people. State acquisition of land by itself is not a good thing. It must go to the peasantry, and that alone will create the necessary incentive to improve the land, to improve the productivity of the agricultural land. But then again the land may not be sufficient for distribution among the landless peasantry. Land may be squeezed into un-economic holdings. Against that the Bill ought to have provided for some institutions like collective farms, co-operative agriculture under the advice and with the assistance of the State. I do not, Sir, suggest anything like the present co-operative societies or multi-purpose societies which are hotbeds of abuses and corruption. The initiative must be given to local people to experiment, and the State must content itself by merely giving technical advice economic assistance. Nor do I

# [Dr. Atindra Nath Bose.]

Government

propose that the State should undertake the burden of starting Stateowned farms—farms under the direct ownership, direction and control of the State itself. I have very little trust in the present Government to vest them with this great responsibility—a Government which could not utilise the 30 crores of rupees granted from the Centre for the rehabilitation of refugees—the 30 crores of rupees which were squandered away like anything without rehabilitating a single displaced person. I could not trust Government with such a huge amount for the rehabilitation of landless peasantry. Let the peasantry form societies of their own, and the State be satisfied by giving the necessary help and technical plan and economic assistance.

rehabilitation for the expropriated rent-receiving interests, though the State will to undertake large-scale industrial works, public utility concerns, educational institutions under the same plan as in the case of agriculture, the Government must satisfy themselves with merely giving assistance and advice. Instead of giving cash doles to be invested in speculation in the share market, the State should fruitfully employ these dispossessed persons in newly-started public utility concerus and collective farms and industrial enterprise. The economy of the State must be taken as a whole. We cannot cure it by piecemeal treatment, keeping the whole body in a rotten state. The idea of this Bill, i.e., acquisition of land by the State and then redistribution among the peasantry must be integrated with a comprehensive plan for the reconstruction of the entire economy of Bengal, whereas initiative and enterprise will lie at the base, at the bottom, with the tillers of the soil and with the workers in the newly-started public enterprise. It is only in such a scheme that any plan for land reforms, any plan for rehabilitation of our peasantry can be fruitfully implemented.

[6-15-6-25 p.m.]

### 8j. Jyotish Joarder:

न्नीकात मरहापत्र, **এই यে विम**ि नन्दस्य आमता ञामाजना कर्नाष्ट्र. ७ मन्यस्थ श्रथमञ এको। श्रन्न আমার মনে জেগেছে, সেইটা হচ্ছে, এই বিলের মূল উদ্দেশ্য কি? এই বিলের মূল উদ্দেশ্য, সমগ্র জাতি ষা ভাবছে বা আশা করছে—সমগ্র জাতির হা সম্পদ, কৃষাণ সম্পদ, সেই সম্পদের উন্নতি সাধন। এতকাল थरत य क्यीमनाती वायन्था किन मिछा वार्थ हरतरह। এবং সেটা যে বার্থ হয়েছে সকল দিক থেকেই তার প্রমান পাওরা গেছে, এমনকি জমিদারদের মধ্যেও এরকম লোক অল্পই আছে বারা চার যে জমিদারী বেমন আছে সেইভাবেই চলকে। স্তরাং দেখা যাছে তারা নিজেরাও বার্থ হরেছে এবং সমগ্র জাতিকে বার্থ করেছে। আজ আমাদের স্থির লক্ষ্য হওয়া উচিত বারা উৎপাদন করেন, সেই কুষাণদের ব্যারা যাতে করে আমাদের ভূমিসম্পদ যা আছে তাতে প্রচর উৎপাদন বৈজ্ঞানিক প্রণালীতে করা বায় তাব আয়োজনের দিকে দৃষ্টি রেখে অগুসর হওরার।

ভারপরে ভাবা উচিত ছিল, যারা আমাদের জাতীয় সম্পদকে বার্থা করেছে এতদিন পর্যানত যদিও একটা ঐতিহাসিক কারণ তারমধ্যে রয়েছে তাদের যখন এখান থেকে সরাতে হবে, তখন তাদের কি বাবস্থা হবে—সেটা দিবতীয় চিন্তার কথা হতে পারে। কিন্তু "জযেন্ট কমিটি" থেকে আবার যেভাবে বিলটি এখানে এসেছে তাতে একটা জিনিষ পরিষ্কার দেখছি "প্রিএন্বল"টা উঠিয়ে দেয়া হয়েছে। ভালই হয়েছে অন্ততঃ ভাজামর হাত হতে বাঁচা গেছে। কারণ উদ্দেশ্য সম্বদেধ একটা বিরাট প্রশন রয়েছে তার উত্তরে এই "প্রিএম্বলে" একটা বড় রকম ফাঁকি ছাড়া আর কিছু, ছিল না। তাই এখানে প্রথম কথা হচ্ছে, म ल উल्प्लिश तराह शलम । विलाद म ल উल्प्लिश যদি হয় ক্ষাণদের সাহায়। কি করে করা যাবে. উৎপাদনে উৎসাহদান কি করে করা যাবে এবং জাতীয ক্ষিসম্পদ্ব মিধ, উৎপাদনে উৎসাহদান—তার ব্যবস্থা অবলম্বন যাতে করে সমগ্র জাতি লাভবান হতে পারে, তাহলে সেই চেম্টাই এই বিলের মধ্যে প্রথমে পরিলক্ষিত হত তারপরে উঠত ক্ষতিপ্রেণের কথা। কিন্তু এ বিলে দেখছি ক্ষতিপ্রণটার কথাই প্রধান স্থান পেয়েছে।

এখন, সেই যে ক্ষতিপ্রেণ্সে আমরা দিজি কাদের --- যারা আমাদের সমস্ত জাতীয় সম্পদকে বার্থ করেছে প্র্যান্কমে, যারা আমাদের সমগ্র क्षािंठरक भश्भा करतरह, उरभामन याता वार्थ करतरह। সমগ্র দেশে, যাদের সতিকারের জমি থাকা উচিত ছিল, তাদের হাতে কিছু নাই, আর বে সমস্ত মানুব পরের উপার্জন নিবিচারে ভোগ করছে, নিবিচারে অত্যাচার করে সমগ্র দেশকে পণ্যা করছে সেই সমুস্ত মান্বকে ক্ষতিপ্রণ দিতে হবে? তারপরে তাদের মধ্যে কোটিপতি যদি কেউ থেকে থাকেন ভাহলে তাকে আরো সেই পরিমাণে বৃহস্তর কোটিপতি করবার বাবস্থা করতে হবে?—একটা জ্বাতিকে বার্থ করেছে, সেইজনা কি আবার খেসারং দিতে হবে? কার স্বার্থের জনা? জাতির পক্ষে আজ ন্তনভাবে বেখানে বা কিছু সম্ভাবনা আছে আমি পরিস্কার বলছি সেটা হছে জাতির শিল্পসম্ভাবনা। এই লৈল্পসালালে উপরই জাতির মূর্ত্তি নির্ভার করে। সেই সম্ভাবনার উপর ভারা চেপে বনে সেটাকে বাভে আবার ধরসে করতে পারে সে স্বোগ আমরা আর দিতে চাই না। ভারা ক্ষতিপ্রণের কোটি কোটি টাকা নিরে শিশ্প প্রচেণ্টার নামে ছিনিমিনি থেলে সমগ্র ক্ষাতিকে ন্তুন করে বার্থ করবে সে স্যোগ আবার আদের দেওরা কিছ্তেই ঠিক হবে না, বিশেষভঃ আমাদের যেখানে আজ অর্থের হার্থটা প্রয়োজন করেছে।

আবার যারা এই বিল করেছেন তারা বিলের মধ্যেই একথা স্বীকার করেছেন যে ক্ষতিপ্রণের টাকা ২০ वश्मातत्रत्र भारता प्रत्यात्र वावम्था १ दव। अर्थाः ২০ বংসর ধরে জাতির অর্থ মোক্ষণ করে জাতিকে ৫'রা ধর্পে করবেন। এবং সেই টাকা ক্ষতিপ্রেণ দেবেন কাদের? যারা নাকি জ্ঞাতিকে কৃষিসম্পদের দিক থেকে বার্থ করেছে এবং আবারও বার্থ করতে পাবে। ক্ষতিপরেশের কথা আমার প্রেবন্তী বন্ধারা यानात्करे वरलाष्ट्रन, आमि भारत वलव, कमिमातामवरक ক্তিপরণ হিসাবে আমি কাণাকডিও দিতে বাজী নই : কেন না নতুনভাবে অনন্তিত অথের অপচয়ে তাবা আবার আমাদের সমাব্রে বার্থত। আনতে পারে —এখন সেইভাবে আমাদের চিন্তা করতে হবে। তব্ জাতির এতথানি বার্থতার যারা মলে কারণ এবং সমগ্রদিক দিয়েই যারা নাকি মনোভাবে দেউলিয়া তদেবকেও আবার ন্তনভাবে জবিন যাপনের বাবস্থা ক্রু মানাষের পর্যাায়ে আবার স্থায়ীভাবে প্রতিষ্ঠিত করে দেবার প্রয়াসের আমি পক্ষপাতি। তাদেরবে প্নর্বাসনের পর্যায়ে আনাব একটা সার্থকতা আছে. সেই পনেবাসনের কথা না বলে ক্ষতিপারণের তথাবলা অন্যায় এবং সেটা হচ্ছে-সমগ্র জাতির িলেক্ষ ষ্ট্রান্ত্রই নামান্তর এ কথা বলতে আমবা ८ हो। कार्युग इठाए क विद्वाद भविद्वानभा कहा इय াই ধারে, ধারে, ভেবেচিন্তে কবা হযেছে, তারপরে একটা তথাকথিত, "জ্ঞাফেট কমিটি" দীঘকাল ধরে 'ব্রেচনা করে এ বিলের অদল-বদল করেছে। সতবাং মালে একটা দৃষ্ট উদ্দেশ্য প্রণোদিত পরি-ক্রমনা এর মধ্যে দেখতে পাচিছ। তাইতো এ অন্যায় কভিপ্রণের সমর্থনে ভারতীয় সংবিধানের দোহাই প্রেভ পবিত্রতাব কথা উত্থাপন করছেন কংগ্রেসপক্ষ, হুংশং সমগ্র জাতি মরে যাচ্ছে যেখানে সেখানে সকলের জীবন রক্ষার কথাটি নেই এদের মূখে। সমগ্র জ্ঞাতিকে মেরে একটিমাত শ্রেণীর স্বার্থারক্ষার ্য প্রিকল্পনাটা, তাকে ষড়যদর ছাড়া আর কিছুই <sup>হ''</sup> যেতে পাবে না।

প্রসংগতঃ বলা চলে যে, আৰু আমাদের আসল কথা াজ জাতীয় আথিক উন্নতিকলেপ শিলেপর চিন্তায অমাদের মণন হতে হবে, সংশা সংশা আমাদের চিন্তা করতে হবে কৃষি একটা স্বতন্ত ব্যাপার হলেও সে জাতীয় শিলেপরই অংগ। কান্সেই এখানে আমাদের কত্রা হক্তে ব্যক্তিগত স্বার্থকে জাতীর স্বার্থের জন্য <sup>ছাট</sup> করে দেখতে হবে। তাই আমরা বাধা হ**তি** শাহ্রব স্বার্থকে স্বিভীর স্থান এবং জাতির স্বার্থকে প্রথম স্থান দিতে। তাই আজ কুবাপদের প্রথম স্থান <sup>দিতে</sup> বাহ্ছি আমরা। আ**জ "আইসোলেটেড"ভাবে** চিন্তা করে কৃষি একটা ক্লিনিব, শিল্প আর একটা জিনিব এরকম ভাবা চলবে না। এতে আমাদের এমন একটি দৃশ্টিভগাী থাকা দরকার বাতে করে আমাদের জাতীর সম্পদের উল্লভতর উৎপাদন কৃষি এবং শিল্প उँटर क्लाइ धक्छा नमास्यामी साछीत भारतकम्भनात বিবরবস্তু হতে পারবে।

